অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2030 সালের মধ্যে বিতরণ করা সৌর শক্তির অন্তত দশ গিগাওয়াট অর্জনের জন্য নতুন ফ্রেমওয়ার্কের অনুমোদনের ঘোষণা করেছেন

বার্ষিক প্রায় 700,000 অতিরিক্ত নিউ ইয়র্কের বাড়িকে শক্তি প্রদান করার জন্য যথেষ্ট পরিচ্ছন্ন সৌর শক্তি

বেসরকারি বিনিয়োগে প্রায় 4.4 বিলিয়ন ডলার উদ্দীপিত করা প্রত্যাশিত, 6,000টি অতিরিক্ত সৌর চাকরী তৈরি করা - প্রচলিত মজুরিতে এক মেগাওয়াটের উপরে প্রকল্পগুলির জন্য

সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলি, নিম্ন থেকে মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য 40 শতাংশ সুবিধা

2030 সালের মধ্যে রাজ্যের 70 শতাংশ বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে সংগ্রহ করার জন্য রাজ্যের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আর্থ উইকের আগে আজ ঘোষণা করেছেন যে স্টেট পাবলিক সার্ভিস কমিশন (State Public Service Commission) 2030 সালের মধ্যে অন্তত দশ গিগাওয়াট বিতরণ করা সৌর অর্জনের জন্য রাজ্যের জন্য একটি নতুন কাঠামো অনুমোদন করেছে যা বার্ষিক প্রায় 700,000 গড়-আকারের বাড়িগুলিকে শক্তি দেওয়ার জন্য যথেষ্ট। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority) এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের (New York State Department of Public Service) দ্বারা PSC-তে জমা দেওয়া রোডম্যাপ রাজ্যের সফল NY-সান উদ্যোগকে দেশের মধ্যে এই ধরনের বৃহত্তম এবং সব চেয়ে অন্তর্ভুক্তিমূলক সৌর প্রোগ্রামগুলির মধ্যে একটিতে প্রসারিত করার জন্য একটি ব্যাপক কৌশল প্রদান করে। আর্থ উইক যা এই বছর 18-22 এপ্রিল পর্যন্ত চলবে যা পরিবেশের সমর্থনে এবং পরিবেশগত সুরক্ষা এবং আমাদের গ্রহের যত্নের জন্য সচেতনতা বাড়াতে বিশ্বব্যাপী ইভেন্টগুলির সাথে পালিত হয়।

"জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে অস্তিত্বের লড়াই আমাদের একটি উজ্জ্বল, সবুজতর ভবিষ্যতের কাছাকাছি আনতে নবায়নযোগ্য শক্তিতে ঐতিহাসিক বিনিয়োগের দাবি রাখে," **গভর্নর হোকল বলেছেন।** "বিতরণ করা সোলারের উন্নয়নের জন্য NY-সান উদ্যোগকে একটি দেশের

নেতৃস্থানীয় ব্লুপ্রিন্টে প্রসারিত করার এই রোডম্যাপটি আমাদের অর্থনীতিকে সুপারচার্জ করার এবং আমাদের জলবায়ুর লক্ষ্যগুলিকে এগিয়ে নেওয়ার মুহূর্তটি পূরণ করে।"

গৃহীত ফ্রেমওয়ার্কের মধ্যে রয়েছে রেটপেয়ার-ফান্ডেড ইনসেনটিভের 1.5 বিলিয়ন ডলারের বিনিয়োগ যাতে সফল NY-সান প্রোগ্রামটি প্রসারিত করা যায় এবং গত দশ বছরে লক্ষ্য করা প্রকল্পের ব্যয় এবং প্রণোদনাগুলির উল্লেখযোগ্য হ্রাস অব্যাহত রাখা। 2020-এর দশকের মাঝামাঝি থেকে শেষ পর্যন্ত মোট 5.9 বিলিয়ন ডলার প্রত্যাশিত বিনিয়োগের জন্য সরকারী বিনিয়োগটি প্রায় 4.4 বিলিয়ন ডলারের প্রাইভেট বিনিয়োগে উদ্দীপিত করবে প্রদত্ত প্রকল্পগুলিকে ফলপ্রসূ করতে। এক থেকে পাঁচ মেগাওয়াটের মধ্যে সৌর প্রকল্পগুলির জন্য প্রচলিত মজুরির আবশ্যকতা সহ রাজ্য জুড়ে 6,000টি অতিরিক্ত সৌর চাকরি তৈরি করা হবে।

40 শতাংশের লক্ষ্য সহ প্রোগ্রামের সম্প্রসারণ সুবিধাগুলির অন্তত 35 শতাংশ প্রদান করবে বিনিয়োগ থেকে সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলি এবং নিম্ন থেকে মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য। আজকের ঘোষণা রাজ্যের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইন (জলবায়ু আইন) আদেশ সমর্থন করে যা হল একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে একটি স্থিতিস্থাপক এবং সমতাপূর্ণ রূপান্তরের অংশ হিসাবে 2030 সালের মধ্যে নবায়নযোগ্য উৎস থেকে রাজ্যের 70 শতাংশ বিদ্যুত তৈরি করা।

কমিশন দ্বারা অনুমোদিত এবং DPS ও NYSERDA দ্বারা তৈরি রোডম্যাপটি 2030 সালের মধ্যে দশ গিগাওয়াট বা তার বেশি বিতরণ করা সৌর মোতায়েন করার জন্য একাধিক কৌশলের যত্ন সহকারে মূল্যায়ন করেছে এবং স্থির করেছে যে রাজ্যের সফল NY-সান উদ্যোগকে প্রসারিত করা সব চেয়ে দক্ষ এবং সাশ্রয়ী পথের অগ্রগতি প্রদান করে।

রাজ্যের প্রসারিত সৌরশক্তির লক্ষ্য অর্জনের ফলে প্রতি বছর প্রায় আরো 700,000 নিউ ইয়র্কের গৃহগুলিকে বিদ্যুৎ সরবরাহ করার জন্য যথেষ্ট পরিচ্ছন্ন বিদ্যুৎ উৎপন্ন করবে বলে আশা করা হচ্ছে, যার মধ্যে সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের মানুষরাও রয়েছেন। গুরুত্বপূর্ণভাবে, এখন-অনুমোদিত রোডম্যাপটি যা প্রদান করে তা হল:

- বার্ষিক 700,000 অতিরিক্ত গৃহকে শক্তি প্রদান করার জন্য যথেষ্ট নতুন পরিষ্কার, পুনর্নবীকরণযোগ্য শক্তি;
- নতুন সৌর ক্ষমতার অন্তত 1,600 মেগাওয়াট, যা 280,000 গৃহে বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট, সুবিধাবঞ্চিত সম্প্রদায় এবং নিম্ন-মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের উপকৃত করবে, যাতে আনুমানিক 600 মিলিয়ন ডলারের বিনিয়োগ এই সম্প্রদায়গুলিকে পরিষেবা প্রদান করবে;
- প্রায় 79,000 গৃহকে শক্তি দেওয়ার জন্য যথেষ্ট, অন্তত 450 মেগাওয়াট কন এডিসন (Con Edison) বৈদ্যুতিক পরিষেবার এলাকায় (নিউ ইয়র্ক সিটি এবং ওয়েস্টচেস্টারের কিছু অংশ জুড়ে) তৈরি করা হবে যা এই এলাকায় ইনস্টল করা সৌর ক্ষমতা এক গিগাওয়াটের উপরে বৃদ্ধি করবে যা প্রায় 175,000 গৃহকে শক্তি প্রদান করার জন্য যথেষ্ট;
- অন্তত 560 মেগাওয়াট, যা 98,000 গৃহে বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট, লং আইল্যান্ড পাওয়ার অথরিটির (Long Island Power Authority) মাধ্যমে অগ্রসর করা হবে; এবং

- একটি নতুন আবশ্যকতা যা NY সান সমর্থিত এক মেগাওয়াটের বেশি আকারের প্রকল্পগুলির নির্মাণের সাথে যুক্ত শ্রমিকরদের প্রযোজ্য প্রচলিত মজুরি প্রদান করা বাধ্যতামূলক করে।

রাজ্যের সৌরশক্তির লক্ষ্য সম্প্রসারণের ফলে নিউ ইয়র্কের গ্রাহকদের জন্য গড় বিলে প্রভাব এক শতাংশের কম পরবে বলে আশা করা হয়, বা গড় বাসস্থানের জন্য প্রতি মাসে আন্দাজ 0.71 ডলার।

পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান ররি এম. ক্রিশ্চিয়ান বলেছেন, "নিউ ইয়র্ক স্টেটে সৌর শক্তির ক্রমাগত বিকাশ এবং অ্যাক্সেসের জন্য গভর্নর হোকলের সমর্থন এবং উৎসাহ এক অবিচ্ছেদ্য অঙ্গ। আমরা আজ যে রোডম্যাপটি অনুমোদন করেছি তা নিউ ইয়র্ককে একটি পরিচ্ছন্ন-শক্তির অর্থনীতিতে রূপান্তরকে ত্বরান্বিত করতে এবং আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ জলবায়ুর লক্ষ্য পূরণের জন্য প্রয়োজনীয় নির্দেশিকা প্রদান করে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির প্রেসিডেন্ট এবং CEO ডরিন এম. হ্যারিস বলেছেন, "পাবলিক সার্ভিস কমিশনের আজকের পদক্ষেপটি রাজ্যের অত্যন্ত সফল NY-সান উদ্যোগকে মার্কিন যুক্তরাষ্ট্রে এই ধরণের সব চেয়ে বড় প্রোগ্রামগুলির মধ্যে একটিতে প্রসারিত করেছে এবং আগামী বছরগুলিতে বিতরণ করা এবং সম্প্রদায়ের সৌর শক্তির জাতীয় নেতা হিসাবে নিউ ইয়র্কের অবস্থানকে আরও দৃঢ় করবে। এই ব্যাপক সম্প্রসারণের অর্থ হল আরও বেশি পরিবার এবং ব্যবসাগুলি, বিশেষ করে সেই সম্প্রদায়গুলিতে যেগুলি ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত হয়েছে, তারা পরিষ্কার, সাশ্রয়ী মুল্যের সৌর বিদ্যুতের অ্যাক্সেস পাবে, এবং তার সাথে এই প্রকল্পগুলি নির্মাণকারী শ্রমিকরা ন্যায্য মজুরি পান তা নিশ্চিত করবে। 10 গিগাওয়াটে পৌঁছানো বেসরকারি বিনিয়োগে 9 বিলিয়ন ডলারের সুবিধা নেবে এবং হাজার হাজার পরিবার বজায় রাখার মত সৌর কর্মসংস্থান তৈরি করবে যা রাজ্যের পরিচ্ছন্ন শক্তির স্থানান্তর গভর্নর হোকলের নেতৃত্বে নিউ ইয়র্কবাসীদের জন্য যে অসাধারণ সুবিধা নিয়ে আসছে তা প্রদর্শন করে।"

স্টেট সিনেটর টড কামিনস্কি বলেছেন, "সৌর রোডম্যাপের PSC দ্বারা আজকের অনুমোদন দেখায় কিভাবে আমরা পরিষ্কার সৌর শক্তির সাথে CLCPA-তে বর্ণিত উচ্চাভিলাষী লক্ষ্যগুলি পূরণ করতে পারি। আমরা বেসরকারী বিনিয়োগে বহু বিলিয়ন উৎসাহিত করতে পারি, এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির এই বৃদ্ধি থেকে সুবিধা পায় তা নিশ্চিত করতে পারি। আমি NYSERDA, DPS এবং গভর্নর হোকলকে তাদের নিউ ইয়র্কের সবুজ শক্তির অর্থনীতির বৃদ্ধি করার জন্য তাদের ভবিষ্যত-ধর্মী চিন্তার কৌশল এবং এটিকে এগিয়ে নেওয়ার পদক্ষেপের জন্য সাধুবাদ জানাই।"

বিধানসভার সদস্য স্টিভ এঙ্গেলব্রাইট বলেছেন, "জলবায়ু পরিবর্তনের নেতিবাচক পরিণতি হ্রাস করার জন্য আমাদের সকলের একটি অংশ রয়েছে। 2019 সালে, আমি ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট স্পনসর করেছি যাতে PSC-কে 2030 সালের মধ্যে রাজ্যের 70 শতাংশ বিদ্যুত পুনর্নবীকরণযোগ্য উৎস থেকে এবং 2040 সালের মধ্যে নির্গমন-মুক্ত উৎস থেকে 100 শতাংশ বিদ্যুৎ তৈরি করা হয় তা নিশ্চিত করার জন্য পরিচ্ছন্ন শক্তির মান অনুযায়ী

একটি প্রোগ্রাম প্রতিষ্ঠা করা আবশ্যক করে। আজ নেওয়া পদক্ষেপগুলিকে সঠিক দিকে এক ধাপ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলির সদস্য মাইকেল কুসিক বলেছেন, "NY-সান (NY-Sun) উদ্যোগের এই সম্প্রসারণটি আমাদের রাজ্যের সৌর ক্ষমতা সম্প্রসারণের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং এটি CLCPA-এর লক্ষ্যগুলি অর্জনের দিকে কাজ করার ক্ষেত্রে আমাদেরকে দারুণ অগ্রগতি করতে সাহায্য করবে। আমাদের সৌর ক্ষমতার ক্রমাগত সম্প্রসারণ এখানে নিউ ইয়র্কে ভবিষ্যতের শক্তির গ্রিড নির্মাণ এবং আগামী প্রজন্মের জন্য আমাদের পরিবেশ রক্ষার জন্য গুরুত্বপূর্ণ।"

দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418